# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**07-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে এস আই আর-এর পর বিবেচনাধীন নামের দ্বাদশ সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশ করেছে কমিশন । একইসঙ্গে যোগ্য – অযোগ্য মিলিয়ে বিচারাধীন নামের পূণাঙ্গ ভোটার তালিকাও প্রকাশ করা হয়েছে।

২) রাজ্য বিধানসভার প্রথম দফার নির্বাচনে, ১৫২-টি আসনের জন্য জমাপড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে।

৩) রাজ্যে ভোটের প্রচার এখন তুঙ্গে। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ ব্যারাকপুরে বিজেপি প্রার্থীর সমর্থনে প্রচার চালাচ্ছেন। তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও একাধিক জনসভায় যোগ দিয়েছেন।

৪) কয়লা পাচার মামলায় সি বি আই এ-র প্রধান তদন্তকারী আধিকারিক সহ একাধিক আধিকারিকের বিরুদ্ধে দায়ের হওয়া এফ আই আর বাতিল করেছে কলকাতা হাইকোর্ট।

৫) আজ বিশ্ব স্বাস্থ্য দিবস । স্বাস্থ্য সচেতনতার লক্ষ্যে নেওয়া হয়েছে একাধিক কর্মসূচী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে SIR-এর পর বিবেচনাধীন থাকা নামের **দ্বাদশ** সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশ করেছে কমিশন। জানা গেছে আপাতত এটিই **শেষ তালিকা।** নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী গতরাত **১২**টার পর পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের **ভোটার তালিকা 'ফ্রিজ'** করে দেওয়া হয়েছে। এপর্যন্ত যাদের নাম তালিকায় রইলো, তারাই কেবলমাত্র **এবার** ভোট দিতে পারবেন।

উল্লেখ্য, প্রথম দফা মনোনয়ন জমা দেওয়ার শেষ দিনেই রাত ১২ টায় ভোটার তালিকা ফ্রিজ হয়ে যায়। ফলে ট্রাইবুনালে ছাড়পত্র পেলেও, এখন'ই তাঁদের নাম তালিকায় উঠবে না।

এদিকে, গতকাল'ই বিচারাধীন নামের পূর্ণাঙ্গ ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। প্রকাশিত রিপোর্টে এই প্রথমবার যোগ্য ও অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটারদের জেলাভিত্তিক বিশদ তথ্য প্রকাশ করা হয়েছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, প্রায় ৬০ লক্ষের বেশি ভোটারকে 'অ্যাডজুডিকেশন'-এর তালিকায় রাখা হয়েছিল। তার মধ্যে প্রায় **৩২ লক্ষের বেশি ভোটারকে যোগ্য** বলে চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে **অযোগ্য** হিসেবে চিহ্নিত হয়েছে প্রায় **২৭ লক্ষের** কাছাকাছি নাম ।

সবচেয়ে বেশি নাম বাদ গিয়েছে **মুর্শিদাবাদ** জেলায়। সেখানে প্রায় চার লক্ষ ৫৫ হাজার ভোটারকে অযোগ্য বলে চিহ্নিত করা হয়েছে। এরপরই, ৩'লক্ষ ২৫ হাজারের মতো নাম বাদ পড়েছে উত্তর ২৪ পরগনায়। তৃতীয় স্থানে রয়েছে- মালদা। যেখানে প্রায় ৩'লক্ষ ৩৯ হাজার ভোটারকে অযোগ্য হিসেবে ধরা হয়েছে। নদিয়া এবং দক্ষিণ ২৪ পরগণা- দুটি জেলাতেই দু'লক্ষের অধিক করে ভোটারের নাম বাদ পড়েছে। বীরভূমে অযোগ্য ভোটারের সংখ্যা- প্রায় প্রায় ৮২ হাজার। এছাড়া হুগলি এবং উত্তর দিনাজপুরেও বাদ পড়েছে লক্ষাধিক নাম। পশ্চিম বর্ধমানে এই সংখ্যা প্রায় ৭৪ হাজার।

কমিশন জানিয়েছে, বিচার প্রক্রিয়া অনুযায়ী প্রতিটি নাম খতিয়ে দেখেই সিদ্ধান্ত নেওয়া

হয়েছে এবং সেই ভিত্তিতেই এই তালিকা। তবে, সুপ্রিম কোর্টের নির্দেশ মত অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটাররা বিচারবিভাগীয় ট্রাইবুনালের কাছে পুনর্বিবেচনার আবেদন জানাতে পারবেন।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী' SIR-এর পর অ্যাডজুডিকেশনে থাকা তালিকা থেকে বাদ যাওয়া নাম, পুনর্বিবেচনার জন্য অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত সম্পন্ন করতে সুপ্রিম কোর্ট, তিনজন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি বা বিচারপতি নিয়োগ করার নির্দেশ দিয়েছে। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে এই কমিটি গঠন করতে হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচী ও বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ গতকাল জানিয়েছেন, আজকের মধ্যে সংশ্লিষ্ট প্রক্রিয়া নির্ধারণ করা হবে বলে সুপ্রিম কোর্ট আশা প্রকাশ করেছে। আজ পর্যন্ত বিচারকরা সাপ্লিমেন্টারি তালিকায় ই-সাইন করতে পারবেন।

SIR -এ নিযুক্ত ১৯ টি অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নজরদারি চালাবে এই কমিটি। এখনও পর্যন্ত ৬০ লক্ষের মধ্যে ৫৯ লক্ষ নামের দাবি এবং আপত্তির নিষ্পত্তি হয়েছে। কমিটির নির্ধারিত প্রক্রিয়া ১৯ টি ট্রাইব্যুনালকে বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে বলে শীর্ষ আদালত জানিয়েছে। সমস্ত অ্যাপিল শুধুমাত্র কলকাতাতেই দাখিল করতে হবে, নাকি তা অন্য জায়গাতেও করা যাবে, তা এই তিন বিচারপতিই সিদ্ধান্ত নেবেন।

ইতোমধ্যেই জেলাশাসকের দপ্তরে যারা অফলাইনে আবেদন জানিয়েছেন, তাদের রিসিট দেওয়ারও নির্দেশ দিয়েছেন শীর্ষ আদালতের বেঞ্চ।

SIR-এর কাজে যুক্ত জুডিশিয়াল আধিকারিকদের সাম্মানিক বেতন অবিলম্বে মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করতে আজ নির্বাচন কমিশনকেও নির্দেশ দেওয়া হয়েছে।

আজ একটি বিজ্ঞপ্তি জারি করে বিচারকদের প্রাপ্ত বেতন মেটানোর বিষয়ে জানাতে হবে। **১৩ ই এপ্রিল বেলা তিনটেয় এই মামলার পরবর্তী শুনানি ধার্য হয়েছে।**

oooooooooooooooooooooo

এসআইআর-প্রক্রিয়ায় ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটাররা ট্রাইবুনালে আবেদনের জন্য আজ ভোর থেকে বহরমপুরের ল্যান্ড ম্যানেজমেন্ট ট্রেনিং ভবনে জমায়েত করেছেন।

গতকালও অনেকে ট্রাইবুনালে আবেদনের জন্য এসেছিলেন। সরকারি সূত্রে খবর,গতকাল বিকাল ৪টে পর্যন্ত এই ট্রাইবুনালে সাড়ে চারহাজার ভোটারের আবেদন জমা পড়েছে।

ooooooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার **প্রথম দফার নির্বাচনে, ১৫২ টি** আসনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। গতকাল ছিল প্রার্থীপদ দাখিলের শেষ দিন। শেষ খবর অনুযায়ী প্রথম দফার জন্য এক হাজার ৫৮৬ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। একজন প্রার্থী একাধিক মনোনয়ন দাখিল করতে পারেন। সেই প্রেক্ষিতে এযাবৎ মোট ২'হাজার ৩০৪ টি মনোনয়ন পত্র জমা পড়েছে।

৯'তারিখ বৃহস্পতিবার পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করতে পারবেন প্রার্থীরা। এই দফায় ভোট গ্রহণ আগামী ২৩ শে এপ্রিল।

**দ্বিতীয় দফায় ১৪২ টি** আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ জোরকদমে চলেছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। পরদিন- শুক্রবার সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩'ই এপ্রিল-সোমবার। দ্বিতীয় দফায় ভোট নেওয়া হবে ২৯শে এপ্রিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনে বাংলার মানুষ গোটা রাজ্য থেকে তৃণমূল কংগ্রেসকে বিদায় দেবে বলে প্রতিরক্ষা মন্ত্রী তথা বর্ষীয়ান বিজেপি নেতা রাজনাথ সিং দাবি করেছেন। ব্যারাকপুরে আজ সকালে পরিবর্তন সংকল্প সভায় অংশ নিয়ে রাজনাথ বলেন, গত ১৫ বছর ধরে তৃণমূল কংগ্রেস ছিল শুধুই অপশাসন ও দুর্নীতির প্রতীক। মমতা ব্যানার্জির নেতৃত্বে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে অর্থনীতি সহ সব ক্ষেত্রে বাংলা পিছিয়ে গেছে। রাজ্যে তুষ্টিকরণের রাজনীতি হয়েছে, অনুপ্রবেশকে মদত দেওয়া হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

Byte - Rajnath

মালদায় এস আই আরের কাজ চলাকালীন বিচারপতিদের ঘেরাও করে রাখার ঘটনার কড়া সমালোচনা করে তিনি বলেন, দেশে কোথাও এরকম খারাপ নজির নেই। বিজেপি ভরসা, জনসেবা ও প্রগতির প্রতীক বলে উল্লেখ করে রাজনাথ সিং বলেন, বিজেপি রাজ্যে ক্ষমতায় এলে নৈহাটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এর বাসভবনকে আন্তর্জাতিক মানের পর্যটনস্থল করা হবে, রাজ্য সরকারি কর্মচারীদের জন্য সপ্তম বেতন কমিশন চালু করা হবে, রাজ্যে পুঁজির বিনিয়োগ , শিল্পের সংখ্যা বৃদ্ধি ও মানুষের আয় বাড়ানোর উদ্যোগ নেওয়া হবে।

পরিবর্তন সংকল্প সভার শেষে বিজেপির ছয় প্রার্থীকে নিয়ে রোড শো করেন রাজনাথ সিং। রোড শোর শেষে প্রার্থীরা ব্যারাকপুর মহকুমা শাসকের দপ্তরে মনোনয়ন জমা দিচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বৈধ ভোটারদের নাম ভোটার তালিকা থেকে বাদ গেলে, তিনি ট্রাইবুনালে যাবেন বলে জানিয়েছেন তৃণমূল কংগ্রেস নেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষে দলীয় প্রার্থীদের সমর্থনে আজ তিনি উত্তর ২৪ পরগনার বনগাঁয় এক জনসভায় অংশ নিয়ে বলেন মতুয়াদের নিয়ে রাজনীতি করা হচ্ছে। রাজ্যে একটাও ডিটেনশন সেন্টার করতে দেওয়া হবে না ।

এর আগে তিনি নদীয়ার চাকদার মশরা নবপল্লি মাঠে দলীয় প্রার্থীদের সমর্থনে একটি জনসভায় অংশ নিয়ে তিনি বিভিন্ন সহায়ক প্রকল্প চালু রাখার আশ্বাস দেন।

(বাইট –মুখ্যমন্ত্রী)

oooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, আজ রাসবিহারী বিধানসভা কেন্দ্রে বিজেপি প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নেন। পুজো দেন কালীঘাট মন্দিরে।

যাদবপুরে, বামফ্রন্টের পক্ষ থেকে আজ সন্ধ্যায় এক পথসভার আয়োজন করা হয়েছে। CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম কোচবিহারে নির্বাচনী প্রচারে যোগ দেবেন।

কংগ্রেসের পক্ষ থেকে আজ হাজরা মোড়ে মিছিল বেরোবে।

ISF-এর নৌশাদ সিদ্দিকি আজ ভাঙড়, পশ্চিম কাঁঠালিয়া এবং উত্তর কাশীপুরে তিনটি জনসভা করবেন।

oooooooooooooooooooooooo

দলের নির্বাচনী প্রচারের ফ্লেক্স ছিঁড়ে ফেলা ও হোর্ডিং সরিয়ে দেওয়ার অভিযোগ করেছেন কলকাতার রাসবিহারী বিধানসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী আশুতোষ চ্যাটার্জি। চারু মার্কেট এলাকায় দুষ্কৃতীরা এই কাজ করেছে বলে তার অভিযোগ। বিষয়টিতে দ্রুত হস্তক্ষেপ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, দক্ষিণ কলকাতার ডিইও ও রাসবিহারী বিধানসভা কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষককে চিঠি দিয়েছেন কংগ্রেস প্রার্থী।

ooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে সমস্ত জেলা সফর করবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে সরাসরি বৈঠক করে পরিকাঠামো, প্রশিক্ষণ এবং সামগ্রিক প্রস্তুতির মূল্যায়ন করবেন বলে তিনি জানিয়েছেন। শ্রী আগরওয়াল জানিয়েছেন, প্রতিটি জেলায় গিয়ে বিডিও, ওসি, এসপি-সহ প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিকদের সঙ্গে তিনি বৈঠক করবেন। কোথাও পরিকাঠামোগত

ঘাটতি বা প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে কি না, তা সরেজমিনে খতিয়ে দেখাই তাঁর লক্ষ্য।

(বাইট- মনোজ আগরওয়াল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় বিশ্ব স্বাস্থ্য দিবস। "দিনটির তাৎপর্য ও জনস্বাস্থ্য বিষয়ক সচেতনতা" এই বিষয়ে আমাদের প্রতিনিধি কাশফিন নাহার কথা বলেছেন বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিক এবং ডাক্তার মধুমিতা দোবের সঙ্গে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কয়লা পাচার মামলায় CBI-এর প্রধান তদন্তকারী আধিকারিক ও আরও একাধিক আধিকারিকের বিরুদ্ধে ২০২২ সালে দায়ের হওয়া এফআইআর বাতিল করে দিল কলকাতা হাই কোর্ট। গতকাল এই নির্দেশ দিয়েছেন বিচারপতি উদয় কুমার।

উল্লেখ্য, কয়লা পাচারকান্ডের তদন্তে দক্ষিণ ২৪ পরগনার আমতলার এক ব্যক্তিকে সাক্ষী হিসাবে জিজ্ঞাসাবাদ করে সিবিআই। পাল্টা সিবিআই এর বিরুদ্ধেই চাপ দিয়ে ও ভয় দেখিয়ে বয়ান লিখিয়ে নেওয়ার অভিযোগ করেন ওই ব্যক্তি।

ডায়মন্ড হারবার পুলিশ জেলার বিষ্ণুপুর থানায় এফআইআর দায়ের করেন ওই ব্যক্তি। ঘটনায় সিবিআই আধিকারিকদের বিরুদ্ধে তদন্তে নামে সিআইডিও। তড়িঘড়ি এফআইআর খারিজের আবেদন করে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছিল সিবিআই। এর আগে সেই মামলায় রাজ্য পুলিশ ও গোয়েন্দা শাখার তদন্তের উপর স্থগিতাদেশ দেয় হাই কোর্ট। প্রায় চার

বছর ধরে শুনানির শেষে সিবিআই অফিসারদের বিরুদ্ধে বিষ্ণুপুর থানায় দায়ের হওয়া এফআইআর বাতিল করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার দেশজুড়ে পরিযায়ী শ্রমিকদের বিতরণের জন্য পাঁচ কেজি ফ্রি ট্রেড এল পি জি সিলিন্ডারের দৈনিক বরাদ্দ দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের সচিব ডঃ নীরজ মিত্তাল এই বিষয়ে সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবদের একটি চিঠিতে জানিয়েছেন, এই পাঁচ কেজির এলপিজি সিলিন্ডারগুলি তেল বিপণন সংস্থাগুলির সহায়তায় শুধুমাত্র নিজ নিজ রাজ্যের পরিযায়ী শ্রমিকদের সরবরাহ করার জন্য সব রাজ্য সরকার এবং তাদের খাদ্য ও সরবরাহ দফতরকে দেওয়া হবে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, পরিযায়ী শ্রমিকদের সরবরাহ করা সিলিন্ডারের গড় দৈনিক সরবরাহের উপর ভিত্তি করে এই বর্ধিত বরাদ্দ নির্ধারণ করা হবে।

উল্লেখ্য, গত মাসের ২৩ তারিখ থেকে প্রায় ছয় লক্ষ ৭৫ হাজার পাঁচ কেজি এলপিজি সিলিন্ডার বিক্রি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। ১৯৪৮ সালের আজকের দিনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা তৈরি হয়েছিল,এটি স্মরণে রাখতে ও বিশ্বব্যাপী স্বাস্থ্য সচেতনতা বাড়াতে ১৯৫০ সাল থেকে ৭ই এপ্রিল দিনটি বিশ্ব স্বাস্থ্য দিবস হিসেবে উদযাপিত হয়ে আসছে। সারা দেশের সঙ্গে এরাজ্যেও বিভিন্ন জায়গায় ব্যবহারিক জীবনে স্বাস্থ্য সচেতনতা নিয়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পশ্চিমবঙ্গেও গৃহীত হয়েছে বিভিন্ন কর্মসূচী।

একটি প্রতিবেদন- (ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তালসারিতে শ্যুটিং করতে গিয়ে রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায়-এর সমুদ্রে ডুবে মর্মান্তিক মৃত্যুর প্রতিবাদ এবং প্রতিটি শুটিং স্পটে অভিনেতা অভিনেত্রী, কলাকুশলীদের নিরাপত্তার দাবিতে আর্টিস্ট ফোরাম এবং ফেডারেশন আজ থেকে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করেছে। সকাল থেকে আর্টিস্ট ফোরামের চার হাজার সদস্য, ফেডারেশনের সাত হাজার টেকনিশিয়ান সদস্য এবং সকল কলাকুশলী মিলে এই কর্মবিরতিতে সামিল হয়েছেন।

গত রবিবার বিকেলে টেকনিশিয়ান স্টুডিওতে আর্টিস্ট ফোরাম ও ফেডারেশনের বৈঠকের পর ফোরামের সম্পাদক শান্তি লাল মুখোপাধ্যায় জানান, নিরাপত্তা এবং সকলের জীবন রক্ষার জন্য তাদের এই লড়াই।
ফেডারেশনের তরফ থেকে স্বরূপ বিশ্বাস বলেন, রাহুলের মৃত্যুর দায় এখনো কেউ নিতে এগিয়ে আসছে না। তাই তারা না চাইলেও এই সিদ্ধান্ত নিতে বাধ্য হলেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo